



বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা ১৭২৬০

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১।

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং- বামাশিবো/প্রশা/ পটুয়াখালী-১৫৩/ ২২৬৪

তারিখ : ১/০১/২০১৭খ্রিঃ

বিষয় : অনুমোদিত ম্যানেজিং কমিটি কেন ভেঙ্গে দেয়া হবে না তার কারণ দর্শানো প্রসঙ্গে।

সূত্র : ১) স্মারক নম্বর- ০৫.১০.৭৮৬৬.১০২.০৯.০০৫.১৬-১১২২; তারিখঃ ২০-১১-২০১৬খ্রিঃ

২) নং-বামাশিবো/প্রশা/পটুয়াখালী-১৫৩/১৮৭৮; তারিখঃ ১৮/০৮/২০১৬খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, পটুয়াখালী জেলার কলাপাড়া উপজেলাধীন লালুয়া নয়াপাড়া ইসলামিয়া দাখিল মাদরাসার ম্যানেজিং কমিটির সভাপতি, সদস্যবৃন্দ ও সুপারের বিরুদ্ধে নীতিমালা বহির্ভতভাবে ম্যানেজিং কমিটি গঠন পূর্বক বোর্ড হতে অনুমোদন নেয়া হয়েছে মর্মে জমিদাতা জনাব মোঃ আঃ করিম ফকির একখানা অভিযোগ দাখিল করেন।

২) মাদরাসার সুপার এর বিরুদ্ধে মনগড়া কিছু লোকজন নিয়া নীতিমালা অমান্য করে ম্যানেজিং কমিটি গঠন, শিক্ষকদের মাসের পর মাস অনুপস্থিত থাকাসহ বিভিন্ন অনিয়মের বিষয়ে কতিপয় ছাত্র-ছাত্রীর অভিভাবকগণ একখানা অভিযোগ বোর্ডে দাখিল করেন।

৩) অভিযোগসমূহের বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন প্রেরণ করার জন্য সূত্রোক্ত ২নং স্মারকে উপজেলা নির্বাহী অফিসার, কলাপাড়া, পটুয়াখালীকে পত্র দেয়া হয়। উপজেলা নির্বাহী অফিসার, কলাপাড়া, পটুয়াখালী সরেজমিনে তদন্ত পূর্বক সূত্রে উল্লিখিত ১নং স্মারকে একটি প্রতিবেদন প্রেরণ করেছেন। প্রতিবেদনে অভিযোগসমূহ সঠিক মর্মে প্রমাণিত হয়েছে।

বর্ণিত অবস্থায় প্রতিষ্ঠানের স্বার্থে বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ (২০১২ সাল পর্যন্ত সংশোধিত) এর প্রবিধান-৩৮(১) এর ক্ষমতাবলে এ দপ্তর হতে নং- বামাশিবো/প্রশা/১৩১৫/নথি নং- পটুয়াখালী-১৫৩; তারিখঃ ২০/০৮/২০১৬খ্রিঃ স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটি কেন ভেঙ্গে দেয়া হবে না আগামী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে তার সন্তোষজনক জবাব নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

প্রফেসর মোঃ মজিবুর রহমান

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন : ৯৬১২৮৫৮

প্রাপকঃ ১) সভাপতি/সদস্যবৃন্দ- ম্যানেজিং কমিটি

লালুয়া নয়াপাড়া ইসলামিয়া দাখিল মাদরাসা, কলাপাড়া, পটুয়াখালী।

২) সুপার, লালুয়া নয়াপাড়া ইসলামিয়া দাখিল মাদরাসা, কলাপাড়া, পটুয়াখালী।

নং-বামাশিবো/প্রশা/ পটুয়াখালী-১৫৩/

তারিখ : ১/০১/২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি :-

১. উপজেলা নির্বাহী অফিসার, কলাপাড়া, পটুয়াখালী।
২. জেলা শিক্ষা অফিসার, পটুয়াখালী।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কলাপাড়া, পটুয়াখালী।
৪. সভাপতি/সদস্যবৃন্দ, লালুয়া নয়াপাড়া ইসলামিয়া দাখিল মাদরাসা, কলাপাড়া, পটুয়াখালী।
৫. সুপার, লালুয়া নয়াপাড়া ইসলামিয়া দাখিল মাদরাসা, কলাপাড়া, পটুয়াখালী।
৬. জনাব মোঃ আঃ করিম ফকির, জমিদাতা, লালুয়া নয়াপাড়া ইসলামিয়া দাখিল মাদরাসা, কলাপাড়া, পটুয়াখালী।
৭. জনাব আনছার হাং/লিটন হাং গং, কলাপাড়া, পটুয়াখালী।
৮. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৯. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন : ৯৬৭৪৮৭৪